গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/০২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ০৫-আইন/আয়কর/২০২০।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত Policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে, দেশের যে সকল Private Power Generation কোম্পানীর (কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানী ব্যতীত) বাণিজ্যিক উৎপাদন ০১ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল Private Power Generation–

(১) কোম্পানীর কেবল বিদ্যুৎ উৎপাদন ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে ৩১ ডিসেম্বর, ২০৩৪ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত;

(২) কোম্পানীতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী তিন বৎসরের জন্য;

(৩) কোম্পানী কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;

(৪) কোম্পানী কর্তৃক প্রদেয় Royalties, Technical Know-how and Technical Assistance Fees এর উপর; এবং

(৫) কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর;

উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে এতদ্দ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল।

২। দফা ১ এ বর্ণিত কোম্পানীকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner